



উপপরিচালক

বোর্ড ও জনসংযোগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

টেলিফোন: ০২-৪৭৭৫৩৭৮০

ই-মেইল: prompa6@gmail.com

ওয়েবসাইট: www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

“মোংলা বন্দরের পোর্ট লিমিটের মধ্যে ০৭টিসহ জেটিতে কন্টেইনার ও মেশিনারিজ জাহাজ”।

মোংলা বন্দরে বর্তমানে ৫নং জেটিতে অবস্থান করছে ইন্দোনেশিয়ান পতাকাবাহী ১১৫.৪৯ মিটার লম্বা, ৭.২৫ মিটার ড্রাফটের এম.ভি. সেলাটন ডামাই (M.V. SELATAN DAMAI) নামক কন্টেইনারবাহী জাহাজ। জাহাজটিতে ৩২৪ টিইইউজ কন্টেইনার রয়েছে। কন্টেইনারবাহী জাহাজটি থেকে কন্টেইনার খালাশের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও আরও একটি বিদেশী বাণিজ্যিক জাহাজ মেশিনারিজ পণ্য নিয়ে বন্দরের ৬নং জেটিতে অবস্থান করছে রাশিয়ান পতাকাবাহী ১৩৮.০১ মিটার লম্বা, ৭.৪ মিটার ড্রাফটের এম.ভি. ফেসকো ওলগা (M.V. FESCO OLGA)। জাহাজটিতে ২১৯৫ মে.টন মেশিনারিজ মালামাল রয়েছে। জাহাজ থেকে মালামাল খালাশের কার্যক্রম চলমান রয়েছে।

চলতি অর্থবছরে (২০২৪-২৫) এ পর্যন্ত ৭২৫টি বিদেশী বাণিজ্যিক জাহাজ আগমন করেছে, ৯৩,২৭,২১৪ (তিরানব্বই লক্ষ সাতাশ হাজার দুইশত চৌদ্দ) মে.টন কার্গো (হ্যাভলিং) আমদানি-রপ্তানি এবং ২২টি গাড়ির জাহাজে মোট ১০,৩৭৪ ইউনিট রিকন্ডিশন গাড়ি এ বন্দরের মাধ্যমে আমদানি হয়েছে।

স্বাক্ষরিত/-

১৩/০৫/২০২৫

উপপরিচালক